দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

# "বিপ্লবের বুয়েটে ভর্তির জন্য" হাত বাড়িয়েছেন অনেকে

■ শেরপুর প্রতিনিধি

ফলোআপ

মানুষের প্রতি মানুষের ভালোবাসা ও মানবিক মূল্যবোধ এখনো যে পুরোপুরি হারিয়ে যায়নি তার প্রমাণ মিলেছে বিভিন্ন মহৎ কাজে। শনিবার দৈনিক ইত্তেফাকের ৭ এর পৃষ্ঠায় প্রকাশিত "টাকার অভাবে বুয়েটে পড়া হবে না বিপ্লবের" শীর্ষক সংবাদ পাঠ করে অনেকেই সহায়তার হাত বাড়িয়ে দিয়েছেন। শেরপুরের শ্রীবরদী উপজেলার গোপালখিলা গ্রামের দিনমজুর সুন্দর আলীর মেধাবী ছেলে এবার বুয়েটে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। কিন্তু আর্থিক সংকটের কারণে তার ভর্তিই অনিশ্চিত হয়ে পড়েছিল। তার এ অর্থাভাবের কথা দৈনিক ইত্তেফাকে প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে দু'টি সংগঠনসহ ব্যক্তি পর্যায়ে অনেকেই সাহায্যের জন্য হাত বাড়িয়ে দিয়েছেন।

এদের মধ্যে শেরপুরের জেলা প্রশাসক ডা. এ এম পারভেজ রহিম, সাংস্কৃতিক ব্যক্তিত্ব বুরহান কবির, নাম প্রকাশে অনিচ্ছুক বগুড়ার একজন ব্যবসায়ী, ঝিনাইগাতী উপজেলার একজন প্রকৌশলী, ঢাকার একটি কনস্ট্রাকশন কোম্পানির রানা নামে একজন, ঢাকাস্থ শেরপুর জেলা সমিতি ও মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি এনজিও 'মানুষ মানুষের জন্য ফাউন্ডেশন'।

এছাড়াও বুয়েটের কয়েকজন শিক্ষকও তার ভর্তির ব্যাপারে সহায়তা করার আগ্রহ প্রকাশ করেছেন। 'মানুষ মানুষের জন্য' প্রতিষ্ঠানটির সঙ্গে সম্পৃক্ত প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম ইতোমধ্যেই বুয়েটে ভর্তি হতে ইচ্ছুক বিপ্লবের সাথে যোগাযোগ করে তাকে জানিয়ে দিয়েছেন যুক্তরাষ্ট্রের একটি অলাভজনক প্রতিষ্ঠান "মানুষ মানুষের জন্য ফাউন্ডেশন" তার ভর্তির খরচ এবং ক্লাস শুরুর পরে হলে থেকে পড়ার খরচ প্রাথমিকভাবে ছয় মাস দেবে। এ প্রসঙ্গে দৈনিক ইত্তেফাক প্রতিনিধিকে তিনি জানিয়েছেন, পড়াশোনায় ভালো করলে এ সহায়তা অব্যাহত থাকবে। এ বিষয়ে মেধাবী ছাত্র বিপ্লব জানায়, তার প্রতি মানুষের ভালোবাসা ও সহমর্মিতায় সে অভিভূত। মানুষের সহায়তার দ্বার যেন সকল দুস্থ শিক্ষার্থীদের জন্য আরো সম্প্রসারিত হয় এই কামনা তার।